# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৩৩২

১/ বিবিধ

আরবী

الذبيح إسحاق

ضعيف

عزاه السيوطي في " الجامع الصغير " للدارقطني في " الأفراد " عن ابن مسعود والبزار وابن مردويه عن العباس بن عبد المطلب، وابن مردويه عن أبي هريرة

قلت: حديث ابن مسعود رواه الطبراني أيضا وفيه مدلس وانقطاع، ولفظه: " أكرم الناس ... "، وسيأتي بتمامه قريبا، وقد رواه الحاكم (1 / 559) عنه مرفوعا بلفظ " الجامع "، وقال: صحيح على شرط الشيخين، وتعقبه الذهبي بأنفيه سنيد بن داود ولم يكن بذاك

قلت: قال الحافظ ابن كثير في " التفسير " (4 / 17) بعد أن ذكره موقوفا عليه: وهذا صحيح عن ابن مسعود

قلت: فلعله جاء من طريق غير سنيد.

وحديث العباس رواه البزار في " مسنده " (3 / 103 / 2350) وأبو الحسن الحربي في الثاني من " الفوائد " (170 / 2) عن المبارك بن فضالة عن الحسن عن الأحنف بن قيس عن العباس مرفوعا باللفظ المذكور أعلاه

وهذا سند ضعيف، الحسن مدلس وقد عنعنه والمبارك فيه ضعف كما تقدم مرارا وبه أعله الهيثمي فقال: رواه البزار وفيه مبارك بن فضالة وقد ضعفه الجمهور

قلت: ومع ضعفه فقد اضطرب في روايته فمرة رفعه كما في هذه الرواية، ومرة أوقفه

على العباس كما رواه البغوي في " حديث علي بن الجعد " (13 / 143 / 2) ، وابن أبي حاتم، وكذلك رواه جماعة عن المبارك به عن العباس موقوفا، كما قال البزار وقال الحافظ ابن كثير (4 / 17) : وهذا أشبه وأصح.
قال الزرقاني (1 / 97) : وتعقبه السيوطي بأن مباركا قد رفعه مرة، فأخرجه البزار عنه مرفوعا.
قلت: وهذا تعقب ضعيف لأن مباركا ليس بالحافظ الضابط حتى تقبل زيادته على نفسه بل اضطرابه في روايته دليل على ضعفه كما لا يخفى.
وقد روي من طريق أخرى عن العباس وسيأتي قريبا برقم (335) بلفظ: " قال داود صلى الله عليه وسلم أسألك بحق آبائي ... ".
وحديث أبي هريرة رواه ابن أبي حاتم أيضا والطبراني في حديث طويل سيأتي مع بيان علته قريبا.
وروي من حديث أبي سعيد الخدري أيضا، أخرجه العقيلي (261) وقال: إنه غير محفوظ، وسوف يأتي إن شاء الله بلفظ: " إن داود سأل ربه.. ".
وبالجملة فطرق هذا الحديث كلها ضعيفة ليس فيها ما يصلح أن يحتج به، وبعضها أشد ضعفا من بعض، والغالب أنها إسرائيليات رواها بعض الصحابة ترخصا أخطأ في رفعها بعض الضعفاء، وقد أشار لضعفه القسطلاني في " المواهب " بقوله: إن صح وتعقبه الزرقاني بهذه الطرق وزعم أن حديث العباس رواه الحاكم من طرق عنه وصححه على شرطهما، وقال الذهبي: صحيح، وفي هذا الزعم أوهام كثيرة سيأتي التنبيه عليها عند الكلام على حديث العباس باللفظ الآخر رقم (336) .
ثم قال الزرقاني (1 / 98) : فهذه أحاديث يعضد بعضها بعضا، فأقل مراتب الحديث أنه حسن فكيف وقد صححه الحاكم والذهبي! .
قلت: الذهبي لم يصححه، والحاكم وهم في تصحيحه كما سيأتي بيانه، والطرق فيها ضعف واضطراب، واحتمال كون متونها إسرائيليات، بل هو الغالب كما سبق، فهذا كله يمنع من القول بأن بعضها يعضد بعضا، ولا سيما وقد ذهب المحققون من

العلماء كشيخ الإسلام ابن تيمية وابن القيم وابن كثير وغيرهم إلى أن الصواب في الذبيح أنه إسماعيل عليه السلام، قال ابن القيم في " الزاد " (1 / 21) :
وأما القول بأنه إسحاق فباطل بأكثر من عشرين وجها، وسمعت شيخ الإسلام ابن تيمية قدس الله روحه يقول: هذا القول إنما هو متلقى عن أهل الكتاب مع أنه باطل بنص كتابهم، فإن فيه أن الله أمر إبراهيم أن يذبح ابنه بكره، وفي لفظ: وحيده.
ولا يشك أهل الكتاب مع المسلمين أن إسماعيل هو بكر أولاده ... وكيف يسوغ أن يقال: أن الذبيح إسحاق والله تعالى قد بشر أم إسحاق به وبابنه يعقوب، فقال تعالى عن الملائكة أنهم قالوا لإبراهيم لما أتوه بالبشرى: (لا تخف إنا أرسلنا إلى قوم لوط وامرأته قائمة فضحكت، فبشرناها بإسحاق ومن وراء إسحاق يعقوب) هو د: 71، فمحال أن يبشرها بأنه يكون له ولد ثم يأمر بذبحه.ثم ذكر وجوها أخرى في إبطال أنه إسحاق وتصويب أنه إسماعيل فليراجعها من شاء

বাংলা

৩৩২। কুরবানী করা হয়েছিল ইসহাককে।

হাদিসটি দুর্বল।

সুয়ূতী “জামেউস সাগীর” গ্রন্থে এ ইঙ্গিত দিয়ে উল্লেখ করেছেন যে, এটি দারাকুতনী “আল-আফরাদ” গ্রন্থে ইবনু মাসউদ (রাঃ) হতে, বাযযার ও ইবনু মারদুবিয়া আব্বাস ইবনু আব্দুল মুত্তালিব (রাঃ) হতে এবং ইবনু মারদুবিয়া (একক ভাবে) আবু হুরাইরাহ (রাঃ) হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ ইবনু মাসউদ (রাঃ)-এর হাদীসটি তাবারানীও বর্ণনা করেছেন। যার সনদে মুদাল্লিস বর্ণনাকারী এবং ইনকিতা (বিচ্ছিন্নতা) রয়েছে। তবে তার ভাষায় ভিন্নতা রয়েছে। এটি হাকিমও (১/৫৫৯) মারফূ’ হিসাবে বর্ণনা করে বলেছেনঃ শাইখায়নের শর্তানুযায়ী এটি সহীহ। যাহাবী তার সমালোচনা করে বলেছেনঃ এটির সনদে সুনায়েদ ইবনু দাউদ রয়েছেন। তিনি সহীহ হাদীস বর্ণনাকারী নন। ইবনু কাসীর মওকুফ হিসাবে “আত-তাফসীর” গ্রন্থে (৪/১৭) উল্লেখ করে বলেছেনঃ এটি ইবনু মাসউদ (রাঃ) হতে সহীহ অর্থাৎ মওকুফ হিসাবে।

আমি (আলবানী) বলছিঃ সম্ভবত সুনায়েদ ছাড়া অন্য কোন সূত্রে এসেছে। আব্বাস (রাঃ)-এর হাদীসটির সনদে রয়েছেন মুবারাক ইবনু ফুযালা, যিনি হাসান হতে ... বর্ণনা করেছেন। এ সনদটি দুর্বল। হাসান মুদল্লিস এবং মুবারাকের মধ্যেও দুর্বলতা রয়েছে। হায়সামীও জামহুরের নিকট মুবারাক দুর্বল হওয়ার কথা উল্লেখ করেছেন।

এছাড়াও তার বর্ণনায় ইযতিরাব সংঘটিত হয়েছে। তিনি একবার মারফূ’ আবার মওকুফ হিসাবে বর্ণনা করেছেন। এছাড়া আবু হুরাইরাহ (রাঃ) এবং আবু সাঈদ খুদুরী (রাঃ) হতেও অন্য সূত্রে হাদীসটি বর্ণিত হয়েছে। কিন্তু কোনটিই সহীহ নয়। মোটকথা হাদীসটির সকল সূত্রই দুর্বল। যার একটি অন্যটিকে শক্তি যোগাতে সক্ষম নয়। অধিকাংশ বর্ণনায় ইসরাইলী বর্ণনা যেগুলো কোন কোন সাহাবী বর্ণনা করেছেন। আর দুর্বল বর্ণনাকারী সেগুলোকে মারফু হিসাবে চালিয়ে দিয়ে ভুল করেছেন।

যারকানী ধারণা করেছেন যে, হাদীসটি হাকিম বিভিন্ন সূত্রে আব্বাস (রাঃ) হতে বর্ণনা করেছেন এবং সেটিকে শাইখায়নের শর্তানুযায়ী সহীহ বলেছেন এবং যাহাবীও সহীহ বলেছেন। তিনি (যারকানী) (১/৯৮) বলেনঃ একটি সূত্র অন্যটিকে শক্তি যোগাচ্ছে। অতএব হাদীসটি হাসান বরং এটিকে হাকিম এবং যাহাবী সহীহ বলেছেন।

আমি (আলবানী) বলছিঃ হাদীসটিকে যাহাবী সহীহ বলেননি। হাকিম সন্দেহ বশত এটিকে সহীহ বলেছেন। এটির সকল সূত্রতেই রয়েছে দুর্বলতা ও ইযতিরাব। ভাষাগুলো ইসরাইলী হওয়ার সম্ভাবনা রয়েছে বরং সেটি হওয়াই প্রাধান্য পায়। এসব কিছুই একটি অন্যটিকে শক্তি যোগাচ্ছে এ কথা বলতে বাধা প্রদান করছে।

এদিকে মুহাক্কিক আলেমগণ (যেমন ইবনু তাইমিয়া, ইবনুল কাইয়্যিম, ইবনু কাসীর ও আরো অনেকে) বলেছেনঃ যাকে যাব্‌হ করা হয়েছিল তিনি হচ্ছেন ইসমাঈল, ইসহাক নয়। ইবনুল কাইয়্যিম “যাদুল মায়াদ” গ্রন্থে বলেছেনঃ ইসহাককে কুরবানী করার নির্দেশ এসেছিল এ কথাটি বাতিল। আমি শাইখুল ইসলাম ইবনু তাইমিয়্যাকে বলতে শুনেছি, এ মতটা আহলে কিতাবদের থেকে এসেছে। অথচ তাদের কিতাবের দলীল দ্বারাই এ মতটি বাতিল। কেননা তাদের কিতাবে এসেছে যে, ইবরাহীমকে আল্লাহ তার ছোট সন্তানকে কুরবাণী করার নির্দেশ দেন। আহলে কিতাবরা মুসলিমদের সাথে এ মর্মে সন্দেহ পোষণ করে না যে, ইসমাঈলই তার সন্তানদের সর্বকনিষ্ট ছিলেন। অতএব কীভাবে এ কথা বলা বৈধ হবে যে, কুরবানীর জন্য চয়ন করা হয়েছিল ইসহাককে, অথচ আল্লাহ তা’আলা তার মাকে তার দ্বারা সুসংবাদ দিচ্ছেন এবং তার পুত্র ইয়াকুব দ্বারা।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5591

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন